কালের কণ্ঠ

তারিখ ... 21 MAY 2016 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৪ ...

# শিক্ষককে অপমান বরদাশত করা হবে না : শিক্ষামন্ত্রী

নিজস্ব প্রতিবেদক ▷

শিক্ষক লাঞ্ছনা ইস্যুতে সরকারের কঠোর অবস্থানের কথা জানিয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষকদের অপমান করা কোনোভাবেই বরদাশত করা যায় না। আগামীতে যারা এ কাজে লিপ্ত হবে তাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হবে। এ ধরনের ঘটনায় সরকার কঠোর অবস্থানে রয়েছে।

গতকাল শুক্রবার রাজধানীর জাতীয় জাদুঘরে জাতীয় বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে 'কলেজ র‍্যাংকিং অ্যাওয়ার্ড প্রদান' অনুষ্ঠানে এই হুঁশিয়ারি দেন শিক্ষামন্ত্রী। প্রথমবারের মতো আয়োজিত কলেজ র‍্যাংকিং অনুষ্ঠানে মোট ৬৭টি কলেজকে সম্মাননা স্মারক, সনদ এবং ৫ ও ১০ হাজার টাকা মূল্যের বই উপহার দেওয়া হয়।

শিক্ষকদের সবচেয়ে সম্মানের শক্তি উল্লেখ করে শিক্ষামন্ত্রী বলেন, 'জগতে এর চেয়ে সম্মানের কাজ আর কিছু হতে পারে না। দেশের রাষ্ট্রপতি, বিচারপতি, মন্ত্রী, এমপি, কর্মকর্তাসহ সব বড় বড় মাথা এই শিক্ষকরাই তৈরি করেন। আমাদের দুর্ভাগ্য, এখনো আমরা শিক্ষকদের পরিপূর্ণ সম্মান দিতে শিখিনি। এটা আমাদের ঘাটতি।' সারা দেশের বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর পরিচালনা পর্ষদের প্রতি হুঁশিয়ারি দিয়ে শিক্ষকদের অপমান করা থেকে বিরত থাকতে বলেন মন্ত্রী।

পাসের হার বেড়েছে, কিন্তু শিক্ষার মান বাড়েনি—শিক্ষাবিদসহ বিভিন্ন মহলের এমন অভিযোগ নাকচ করে দিয়ে শিক্ষামন্ত্রী বলেন, কোয়ানটিটির দিক থেকে শিক্ষায় এক যুগান্তকারী পরিবর্তন ঘটেছে। তবে কোয়ালিটি নিশ্চিত করা এখন মেইন চ্যালেঞ্জ। এ জন্য কোয়ালিটি শিক্ষক নিয়োগ দিতে হবে। এ জায়গায় অনেক ঘাটতি রয়েছে। এই ঘাটতি পূরণের চেষ্টা চলছে।